





Introspection

20th April till 4th May 2018

galleri KAYA
a contemporary art center

Exhibition sponsor



Published on the occasion of the solo art exhibition titled "Introspection" by Kamaluddin

© : Galleri Kaya, Dhaka

Cover & Catalogue: Karukrit

Back Cover: Self Portrait, Oil on canvas, 41 x 31cm, 2015

Published by: Director, Galleri Kaya, Dhaka.

Contact: Galleri Kaya House 20 Road 16 Sector 4 Uttara Dhaka 1230 Bangladesh.

Phone 88-02- 58956902 8959453 E-mail gallkaya@gmail.com

Printed in Bangladesh

ইতি ও নেতির সমীকরণ

মইনুদ্দীন খালেদ

মানুষের জীবনের বিশেষ এক অবস্থা চিত্রায়িত করেছেন কামালুদ্দিন। বেশির ভাগ ছবিতে তার মানুষের উপস্থিতি বাস্তববাদি শৈলীতে উপস্থাপিত হয়েছে। মাধ্যম তেলরং; তাই বিষয়ের প্রকাশ অপেক্ষাকৃত বেশি স্পষ্ট। দৃষ্টিপাত মাত্রই মানুষী ইমেজ ও অন্য অনুষঙ্গের সঙ্গে দর্শকের একটা আপাত সম্পর্ক তৈরি হয়। এই ইমেজ অবলোকনের ইচ্ছা মানুষের সহজাত প্রবৃত্তি। তবে উপরিতলের সম্পর্কের জোরে এই শিল্পীর ছবির মর্মার্থ অনুধাবন করা যায় না। মানুষের বহিরাবরণ বা বাহ্যিক রূপের পাঠ যে কামালুদ্দিনের ছবির মর্মার্থকে হৃদয়ঙ্গম করার জন্য যথেষ্ট নয়, নিবিষ্ট দর্শক তা দ্রুতই উপলব্ধি করেন।

কামালুদ্দিন 'যেমন দেখি তেমন আঁকি' ভাষা অনুসরণ করেও তার ছবিতে মানুষের জীবনের ও বর্তমান সময়ের গভীরতর সংবাদ পরিবেশন করেছেন। তার ছবি চিন্তাগর্ভ; এতে হৃদয় আবেগের উচ্ছ্বাস নেই। জীবনের আনন্দময় পর্বের কোনো গল্প বলতে চাননি এই শিল্পী। যদিও নেতিবাচকতার গর্ভে আমাদের তলিয়ে যেতে হয় না এসব ছবির মুখোমুখি হয়ে।

মানুষের জীবন যত বড় হয় ততই কি তার অপরূপতার পরিধি বড় হতে থাকে! অজস্র উত্তরহীন প্রশ্নের জালে তাকে বন্দিদশা কাটাতে হয়! জীবন প্রবীণ হয় মাত্র; কিন্তু কোনো স্থির প্রত্যয়ে দাঁড়াতে পারে না মানুষ। তাই প্রবীণ হয়েও তার মধ্যে থেকে যায় শিশুর মত বিস্ময় ও অসহায়ত্ব। কামালুদ্দিনের ছবির মানুষেরা এই বিস্ময়ের কষ্টজালে জড়িয়ে বিমূঢ় হয়ে আছে। কোনো এক ভাবনার সংগুপ্ত আগুন পোড়াচ্ছে তাদের চেতনালোক।

এ শিল্পীর ছবিতে জীবনের সরব ঘোষণা নেই। নিজেকে নিজেই প্রশ্ন করে মনে মনে বেঁচে থাকাকে যেন কামাল তার ছবির বিষয় করেছেন? অনেক ছবিতে একাধিক মানুষ আছে। একটি মুখ কিশোরের, অন্যটি বয়স্ক লোকের বা বৃদ্ধের। বৃদ্ধের বলিরেখা দৃষ্ট কপালে আবেগ অনুভূতিশূন্য একটি জ্যামিতিক স্ট্রাকচার। কিশোরটি কান দুটি তার দু'হাতে বন্ধ করে রেখেছে। যেন সময়ের মর্মবিদারি শব্দ তাকে আঘাত করতে না পারে। করুণাহীন ও শুশ্রূষাহীন এক অসহ মানব অস্তিত্বের সংবাদ প্রেরণ করতে চেয়েছেন শিল্পী। ওই জ্যামিতিক কাঠামোটা আমাদের জানিয়ে দিল এই সত্য যে জীবনের অর্থ খুঁজে মানুষ কতই না গাণিতিক বা জ্যামিতিক

হিসেব টানছে। এই ভাবে কামালুদ্দিনের ছবি আমাদের মস্তিষ্কের কাছে চলে আসে। বুদ্ধির জোরে ছবিকে বোঝার আহবান জানায়। আর আমরা জেনে যাই, একান্ত বাস্তববাদী শৈলীতে আঁকা হলেও ছবিগুলো রূপক। এতে অন্য কোনো সংবাদ সাংকেতিকভাবে জানানো হয়েছে। ফিগারের ভেতরে ও আশ-পাশে ওই নিরপেক্ষ জ্যামিতিকে সৈঁধিয়ে দিয়ে মানব জীবন ও সময়ের ব্যাখ্যা তীব্র জঙ্গমতাকে আমাদের জানান দিয়েছেন এই চিত্রকর। মানুষটা আবেগীয়ত কোনো চেনা অভিব্যক্তি নয়, তার চেয়ে গুরুতর আরও কিছু আছে সেই মানুষের জীবনে। জ্যামিতিক কাঠামো ও মানুষী দেহের অঙ্গ-প্রত্যঙ্গের পারস্পরিক সম্পর্ক, বিরোধভাস, সংঘর্ষ, বিরূপ প্রেক্ষাপটে বিক্ষুব্ধ মানব-অস্তিত্বের ঘোষণা দেয়।

অনেক সময় কামালুদ্দিনের কাজে শিশু-কিশোরের মনোলোক বিশেষ বিবেচনা পেয়েছে। অপাপবুদ্ধি কোমলমতি যে মানবপুত্তলি তারও মুখ বন্ধ, দুটোখ বন্ধ অথবা দু'ঠোটে আঙ্গুল চেপে সে বলে 'চুপ'; কোথাও কি কালের শয়তানের পদধ্বনি শোনা যাচ্ছে! অস্তিত্বে নেতিবাচকতার চাপ মানুষকে পরিহাসপ্রিয় করে তুলতে পারে। সব মরে, তবুও মরে না মানুষের বাসনা। সাদা-কালোয় আঁকা একটি টাকমাখা মানুষ চিরুনি দিয়ে মাথায় আঁচড় দিচ্ছে। চিরুনিটা মেজেন্টা রংয়ের। বিষয় ও চিত্রগত ভাষার দিক থেকে এটি একটি POST-DADA ভাবনার ছবি। এতে জীবনের PARODY আছে।

দেহ মানুষের, কিন্তু মুখাবয়ব কবুতরের। এই কবুতরের ওপরে আরেকটি জ্যামিতিক খোপে আরেকটি কবুতর। এর কী মানে! রহস্যটা কী? মানুষের কবুতর সদৃশ মুখমণ্ডল কি দূরের স্পেসের সঙ্গে যোগসূত্র তৈরি করেছে। একি অদৃশ্যের দৃশ্যায়ন! কোনো মরমি বার্তা প্রেরণের প্রয়াস! এ পরিমার্জনাতেও ভেসে ওঠে এই সত্য যে আত্মা বন্দি খাঁচা থেকে মুক্তির স্বাদ নিতে চায়।


অবরুদ্ধ অবস্থার রূপায়নই কামালের একমাত্র লক্ষ্য নয়। জীবনের ইতিবাচক ভাবনা বীজও তিনি বুনেছেন। একটি মেয়ে ফুলের ঘ্রাণে স্তব্ধ হয়ে আছে। এখানেও নৈঃশব্দ্য আছে। নিজের মধ্যে নিজেকে গুটিয়ে রাখার বোধ সক্রিয় রয়েছে। অপর দিকে কার্বন নিঃসরণে গোলাপ পুড়ে যাচ্ছে তাও স্পষ্ট জ্যামিতির কম্পোজিশনে ঝাঁকিয়েছেন এই শিল্পী।

বস্তুর বস্তুরসারকে বর্ণ দিয়ে দিকে প্রমাণ করার প্রয়াস দেখা যায় কামালের কয়েকটি কাজে। পানের থালা, বহু ব্যবহৃত একটি এনামেলের হাড়ি, এসব কাজে বিষয়কে যত দূর পারা যায় সত্যনিষ্ঠ রাখার চেষ্টা চালিয়েছেন শিল্পী। তেল রংয়ের গাঢ় প্রয়োগ আমাদের স্পর্শ করার বাসনাকে উতাত্ত্ব করে; মনে হয় ছুঁয়ে দেখি পান, সুপুরি ও চুনের কাথ। এবড়ো-থেবড়ো এনামেলের হাড়িটা অনেক দিনের আল্লীয়াতা জানান দেয়।

ওই সব বিষয় ছাড়াও শিল্পের নামে আরও দুটি রাজনৈতিক খেয়াল আমাদের চিত্রগত ভাষায় শুনিয়েছেন কামালুদ্দিন। একটি ছবিতে আছে অলংকৃত বিশাল চেয়ারের বসার জায়গায় লুডু খেলার একটা ছোট্ট ঘুটি আর অন্যটিতে মুকুট পরিহিত একটি মানুষের আবক্ষ ভাস্কর্যসুলভ রূপ। প্রথমটির নাম ‘ক্ষমতার খেলা’ আর দ্বিতীয়টির নাম ‘টলায়মান মুকুট’। ক্ষমতা চিরস্থায়ী নয়; -এ ধ্রুপদী বচন ছাড়াও ছবি দুটি অন্য একটি ভাবনার কাছে নিয়ে যায় আমাদের। রাজনীতি এক জটিল পাশা খেলা। কে কাকে ক্ষমতায় বসায়, কে-ই বা তাকে ক্ষমতা থেকে নামায়? ক্ষমতা কোন জটিল রাজনৈতিক হিসেবের বিন্যাস তা-ই বা কে জানে। শেষমেশ সবই কি জুয়াখেলা - যার মধ্যে হার -জিতের হিসেবটা আগে থেকে জানা সম্ভব নয়; ঘটে তা অকস্মাৎ। কে কার হাতের ক্রীড়নক বা শিকার; কে তা জানে। এই সব ভাবনার বুনন আমরা কাজ দুটিতে দেখতে পাই। এখানেও নকশাদার পশমি কাপড়ে বোনা সিংহাসনতুল্য চেয়ারটায় ছোট্ট একটি ঘুটি (লুডুর ছক্কা) ক্ষমতাকে বিদ্রূপ করছে না কি!

কামালুদ্দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের পেইন্টিং বিভাগের শিক্ষক। এই প্রতিষ্ঠান থেকেই তিনি চিত্রবিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রি নিয়ে শিক্ষক হয়েছেন। এখানে তাকে বাস্তববাদী শৈলির অনুশীলন করতে হয়েছে এবং আজও করতে হচ্ছে। বর্তমান প্রদর্শনীর ছবিই তার প্রমাণ। কিন্তু তিনি লোকশিল্পের মায়ায় পড়েছেন। বিপুল আকারের ক্যানভাসে তেলরঙে তিনি চিত্রায়িত করেছেন সখের হাড়ি, সরাচিত্র, কাঠের হাতি। লোকশিল্পের ভাষা নিয়ে তিনি কোনো নিরীক্ষা করেননি। শুধু বিশাল আকারে এঁকেছেন হাড়ি ও সরা। এই ডাগর করে লোকশিল্পকে প্রকাশ করার পেছনে কামালের বিশেষ শিল্পভাবনার পরিচয় পাওয়া যায়। সখের হাড়ি ও লক্ষীর সরা এঁকে লোক-শিল্পের মাহাত্ম্য অনুধাবনের শৈল্পিক অভিযান করেছেন তিনি। লোকশিল্পের গভীরেই তো আমাদের শেকড়, আমাদের শিল্পভাবনা ও শিল্পভাষার নিজস্বতা। লোকশিল্পের সুন্দর বা নন্দনতত্ত্বের এই সম্প্রচারের মধ্য দিয়ে কামাল আসলে লোকবাংলাকে শ্রদ্ধা জানিয়েছেন, লোকশিল্প ও লোকশিল্পীদের নিবেদন করেছেন শ্রদ্ধার্ঘ্য, এমন ভাবনার অবকাশ আছে। এই সূত্রে কামালের অন্য একটি ছবির বয়ান বিশ্লেষণ দাবি করে। অন্য ছবিগুলোর মত এটির নামও ‘ঐতিহ্য’। তবে এতে লোকশিল্পের কোনো মোটিফ শুধু আঁকা হয়নি। বাস্তববাদী শৈলীতে আঁকা একটি কালো মানুষ তার মুখে ধরে রেখেছে একটি ‘লক্ষী সরা’। তার মুখ দেখা যায় না, মনে হয় সবাই তার মুখ। এই ভাবে লোকবাংলা আমাদের অবয়বে সঁটে থাকে অথবা লোকশিল্পের দর্পণে মুখ রেখে খোঁজ নিই আত্মপরিচয়ের। এ প্রদর্শনীতে কামাল ইতিবোধ ও নেতিবোধের সমন্বয় ঘটিয়েছেন। সময়টা বহুত্ববাদের। কামালের কাজেও রয়েছে বিচিত্র শিল্পভাবনার বিচিত্র প্রকাশ।

Throne play
Oil on canvas
51 x 61cm 2017






Smell of
Oil on canvas
92 x 92cm 2017



Inflamed body

Watercolor on paper 42 x 29cm 2017



Triangle queue
Oil on canvas
153 x 117cm 2016



Hindrance
Oil on canvas
122 x 122cm 2016



Unrehearsed

Oil on canvas 92 x 61cm 2017



Our pride

Oil on canvas 51 x 61cm 2017




Fool around

Oil on canvas 153 x 107cm 2017




Incrustation

Oil on canvas 153 x 117cm 2016



Hour
Oil on canvas
46 x 41cm 2017

Chapter
Oil on canvas
153 x 117cm 2016





Sweet betel
Oil on canvas
92 x 92cm 2017


Introspection
Oil on canvas
61 x 92cm 2017






Black hair

Oil on canvas 122 x 66cm 2016




Biography

Oil on canvas 183 x 86cm 2017



Inconsistent crown
Oil on canvas
61 x 92cm 2017





Tradition-1
Oil on canvas
112 x 71cm 2017



You
Oil on canvas
92 x 61cm 2016

Introspection
Oil on canvas
61 x 92cm 2015





Dumb situation
Oil on canvas
122 x 61cm 2015

Collaborative task
Oil on canvas
61 x 61cm 2015







Loading on
Oil on canvas
259 x 117cm 2017



Three in one
Oil on canvas
92 x 92cm 2016

Black sky
Oil on canvas
46 x 41cm 2016





Tradition- 7
Oil on canvas
153 x 92cm 2018

On the way
Watercolor on paper
42 x 29cm 2017





Against the rules

Watercolor on paper 41 x 28cm 2017




The betel pot

Watercolor on paper 42 x 29cm 2017



Flower arrangement
Oil on canvas
92 x 92cm 2018



Incommode-2
Oil on canvas
46 x 46cm 2018



Waiting for
Watercolor on paper
42 x 29cm 2018



Unreal situation

Watercolor on paper 42 x 29cm 2018



Unaided
Watercolor on paper
42 x 29cm 2018

Building up
Watercolor on paper
41 x 28cm 2017






Tradition-3
Oil on canvas
183 x 183cm 2017



Tradition-2
Oil on canvas
183 x 183cm 2017



Incommode-2
Oil on canvas
46 x 46cm 2018

Kamaluddin

Born 1977

Education

- 2011 : Master of fine Arts in Drawing and Painting, Faculty of Fine Art University of Dhaka (1st Class First).
- 2009 : Bachelor of Fine Arts in Drawing and Painting. Institute of Fine Art University of Dhaka (1st Class Second).

Group Exhibitions

Participated in 60 Group exhibitions in Bangladesh, Japan, German, Maldives, India, China, Australia, Nepal, and Netherland

Awards & Scholarship

- 2001 : Honorable Award in water color media, Chittagong University.
- 2002 : Best award in pencil media, Annual art exhibitions D.U.
- 2003 : Best Award in pen media, Annual art exhibition, D.U
- 2004 : Scholarship for Drawing Aminul Islam trust.
- 2005 : Scholarship For Drawing Aminul Islam trust.
- 2006 : Best Award in water , Color media Zainul Gallery, DU.
- 2006 : Scholarship for Drawing, Aminul Islam Trust.
- 2006 : Veersrestho Shahid Nur Mohammad Sheaik Honorable Award Zainul Gallery,DU.
- 2007 : Honorable award in water color, SHAKO
- 2007 : Best award in Oil Painting media, Annual art exhibition, D.U
- 2009 : Honorable award, Bangubandhu Art exhibition
- 2009 : 4th winner, 14th Berger young painters art Competition, Zainul Gallery, DU.
- 2010 : Young Artists Award-2010, Bangladesh Shilpakala Academy
- 2010 : Best Award in Experimental painting, Annual art exhibition, D.U
- 2010 : Best Youth Artist Award,4th Friendship Art Exhibition Bangladesh Shilpokala Academy Dhaka, Bangladesh.
- 2011 : Best Award in Experimental painting, Annual art exhibition, D.U
- 2011 : Honorable Award, Bangabandhu Art exhibition, ZainulGallery, DU.
- 2010 : Honorary of S.M Sultan Festival S.M Sultan Foundation, Narail
- 2011 : Dipa Haque Award, 19 the National art exhibition, Bangladesh Shilpokala Academy.
- 2017 : Begum Azizunnesa award, 22th National art exhibition, Bangladesh Shipakala Academy.

Art Camp & Workshops

2006 Painting Banglalink, Art Club, Painting, Essence of REMBRANDT , Royal Netherland Embassy.
2007 Water color-FATA, Bandarban. 2008-14 Channel I Victory Day Art Camp. 2009 Water color-FATA, Saver.
2009- Bandarban Art Camp, Galleri Kaya. 2010 Bangladesh India Art Camp, Taj Mount Road, Chennai, India.
2010 Artist Camp, Shadhinota Charu Shilpi Shongsad. 2010 Water Color Artist Camp, Bangladesh Shilpokala Academy, Molovi Bazar. 2010 Bengal Art Camp, Dhaka. 2011 Sand Painting Workshop, Art Center. 2011 Drawing Workshop, Conducted by Jamal Ahmed, Cosmos Gallery, Dhaka. 2014 - SAARC ART CAMP, Afghanistan. 2016 2nd Bhutan art camp ,Galleri Kaya. 2016 Art camp of Ustad Aladdin Khaa, Brammonbaria. 2016 Chuknagar Art Camp, Khulna. Bangladesh Shilpokala Academy. 2017 Amar Ekusher Art camp, Bangladesh Shilpokala Academy. 2017 International Nature Art Festival, kalaawati art council,Nepal. 2017 Art Camp, Shonar Gaon ,Dhaka ,Alkatra Artish society. 2017 –Master series -2, Art Camp . Buriganga Art & Craft. 2017 Art Camp of DBL Group, Gazipur. 2017- Art Camp, Abinta Gallery of Fine Art. 2017 Art Camp ,Ministry of Jute and Textile, National Parliament. 2017- Art Camp, Bangladesh & Nepal, Chitrak Gallery. 2018. Art Camp ,ministry of textiles & jute, Bangladesh Shilpokala Academy. 2018 Neowra Valley Art Camp, Galleri Kyia. India. 2018 Art camp of 156 the Rabindra Jonmoarshiki, Bangladesh National Museum, Dhaka.

Workshops Conducted

2012 : Water color workshop, Shilpanu Academy of Fine Art, Dhaka.
2013 : Drawing & Painting, , Shilpanu Academy of Fine Art, Dhaka.
2014-18: Water Color Workshop, Joler Dhara, Dhaka.
2015-17: Painting Workshop, Dhaka Art College.
2016 : Water Color Workshop, Rangamati,
2017 : Water Color Workshop, Kulu Creative Society ,India

Collections

Bangladesh National Museum, Bangladesh Shilpakala Academy, Bangladesh Bank, University of Dhaka, Galleri Kaya, Bengal Foundation, Army Headquarter, Dhaka, Air Force Headquarter, Dhaka, Mutual Trust Bank, Police Headquarter, Dhaka, Channel I, Ministry of Textiles and Jute, Dhaka and many private collections in Bangladesh and Abroad .

Present Position

Lecturer

Department of Drawing and Painting, Faculty of Fine art, University of Dhaka.

E-mail: kamaluddin.fineart@gmail.com



Online partner :



Online media partner :



Exhibition sponsor

